গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, রাজশাহী
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
E-mail:rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

নথি নং-৫৮.০২.৮১০০.১৩৭.১২.০০২.২৬-৫৫৫ তারিখঃ ২৩/০৭/২০২৬ খ্রিঃ

বিষয় ঃ নির্বাচনী ইশতেহার অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী কমিটি গঠন ও গঠিত কমিটির সহায়তায় সচেতনতামূল কার্যক্রম গ্রহণ প্রসংগে।

সূত্র ঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের গত ১৪ জুলাই, ২০২৬ খ্রিঃ তারিখের ৩৭৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগন কর্তৃক নির্বাচিত বাংলাদেশ জাতীয়তাবাদী দল-এর নির্বাচনি ইশতেহার/তথ্য সরকারের নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী কমিটি গঠন ও গঠিত কমিটির সহায়তায় সচেতনতামূলক কার্যক্রমের লক্ষ্যমাত্র নির্ধারণের জন্য সূত্রস্মারকে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে নিন্মবর্ণিত ছকে আপনার নিয়ন্ত্রাধিন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রভিষ্ঠানসমূহে হালনাগাদ মাদকদবিরোধী কমিটি গঠন ও গঠিত কমিটির সহায়তায় মাদকবিরোধী গণসচেতনতামূলক (শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী আলোচনা সভা/মাদকবিরোধী বিতর্ক প্রতিযোগীতা/মাদকবিরোধী শপথ বাক্য প্রদান) কার্যক্রম পরিচালনা করবেন।

এমতাবস্থায়, চাহিত মাদকবিরোধী কমিটির তথ্যাদি অত্র কার্যালয়ে জরুরি ভিত্তিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ থাকে যে, মাদকবিরোধী কমিটি আরও গতিশীল করার প্রয়াসে শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকগণকে কো-আপ্ট করার বিষয়টি সক্রিয় বিবেচনা করা যেতে পারে।

কমিটি নিম্নরুপ :

| ক্রমিক নং | সদস্যগণের নাম ও পদবী | কমিটির অবস্থান | ইমেইল ও মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | সভাপতি | |
| ০২ | শিক্ষক প্রতিনিধি | সদস্য | |
| ০৩ | অভিভাবক প্রতিনিধি | সদস্য | |
| ০৪ | ছাত্র প্রতিনিধি | সদস্য | |
| ০৫ | সদস্য সচিব | ক্রীড়া শিক্ষক/শারীরিক প্রশিক্ষক | |

২৩.০৭.২৬
(মোঃ মেহেদী হাসান)
উপপরিচালক
ফোন নং-০২৫৮৮৮০০০৮৩।

জেলা শিক্ষ অফিসার
ও
সদস্য
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, রাজশাহী।

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১। জেলা প্রশাসক, রাজশাহী ও সভাপতি, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, রাজশাহী।
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৩। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী ক ও "খ" সার্কেল (তাকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে বর্ণিত তথ্যাদি প্রেরণ নিশ্চিতকরণের নির্দেশনাসহ)।
৪। অফিস কপি/মাস্টার নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী
www.deo.rajshahi.gov.bd

স্মারক নং : জেশিঅ/রাজ/ ১৪২২ (১১) তারিখঃ ২৮/০৭/২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা/বাগমারা/চারঘাট/দূর্গাপুর/গোদাগাড়ী/মোহনপুর/পবা/পুঠিয়া/তানোর/বোয়ালিয়া/মতিহার রাজশাহী।

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী উপজেলা/থানা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ মাদকবিরোধী কমিটি গঠন এবং গঠিত কমিটির সহায়তায় মাদকবিরোধী গণসচেতনতামূলক (শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী আলোচনা সভা/ মাদকবিরোধী বিতর্ক প্রতিযোগিতা/মাদকবিরোধী শপথ বাক্য প্রদান) কার্যক্রম পরিচালনা করতে হবে। এমতাবস্থায়, আপনার আওতাধীন উপজেলা/থানার সকল শিক্ষা প্রতিষ্ঠানের সংযুক্ত পত্রে বর্ণিত ছক মোতাবেক মাদকবিরোধী কমিটির প্রতিষ্ঠানভিত্তিক ০২ (দুই) প্রস্থ তালিকা আগামী ০৬.০৮.২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। অফিস নথি।

২৮/৭/২৫

(মোঃ জায়েদুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩